# ফ্লুমিনেন্সকে হারিয়ে ক্লাব বিশ্বকাপের ফাইনালে চেলসি



সংগৃহীত ছবি

ফিফা ক্লাব বিশ্বকাপের সেমিফাইনালে ব্রাজিলিয়ান ক্লাব ফ্লুমিনেন্সকে ২-০ গোলে হারিয়ে ফাইনালে উঠেছে ইংলিশ জায়ান্ট চেলসি। জয়ের নায়ক ছিলেন তরুণ ফরোয়ার্ড জোয়াও পেদ্রো, যিনি নিজের সাবেক ক্লাব ফ্লুমিনেন্সের বিপক্ষেই জোড়া গোল করে দলের ফাইনাল নিশ্চিত করেন।

নিউইয়র্কের বিখ্যাত মেটলাইফ স্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচে প্রথমবার চেলসির শুরুর একাদশে সুযোগ পেয়েই আলো ছড়ান পেদ্রো। ম্যাচের ১৮তম মিনিটে গোল করে দলকে লিড এনে দেন তিনি। দ্বিতীয়ার্ধের ৫৬তম মিনিটে তার দ্বিতীয় গোলেই চূড়ান্ত হয়ে যায় চেলসির জয়।

পেদ্রোর ক্যারিয়ারের শুরু হয়েছিল ফ্লুমিনেন্স থেকেই। সেই পুরোনো দলের বিপক্ষে নতুন ক্লাবে জ্বলে ওঠার গল্প যেন রূপকথাকেও হার মানায়।

অন্যদিকে, ক্লাব বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে বুধবার দিবাগত রাত ১টায় মুখোমুখি হবে ইউরোপিয়ান চ্যাম্পিয়ন প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি) ও স্প্যানিশ চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ। সেই ম্যাচের জয়ী দলের বিপক্ষেই শিরোপার জন্য লড়বে চেলসি।

LENS ASIA